

স্মারক নং-সএক/

৪৩৭

তারিখ: ১১.০৫.২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়ার সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন হবে। ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি সম্পর্কিত নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন ফরম পূরণ করতে হবে।

ভর্তি বিষয়ক ওয়েব সাইট: www.nu.ac.bd/admissions

আবেদনের সময় সূচি ও করণীয়

অনলাইনে আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ

১১/০৫/২০২৬ থেকে ১৭/০৫/২০২৬

পে-প্লিপসহ আবেদন ফরম জমাদানের তারিখ

১২/০৫/২০২৬ থেকে ১৭/০৫/২০২৬

* আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদনের ফরম নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে স্বাক্ষরিত আবেদন ফরম ও আবেদন ফি বাবদ পরিশোধিত ১০০০/- টাকার পে-প্লিপ কলেজ চলাকালে প্রত্যেক দিন সকাল ১০.০০ থেকে বেলা ১.০০ পর্যন্ত মাস্টার্স ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।

* ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে, সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই।

* ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না। তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ প্লিপের মাধ্যমে তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে আবেদন করতে হবে।

* নিশ্চয়নের এসএমএস না পেলেন মাস্টার্স (নিয়মিত) কমিটির সাথে যোগাযোগ করতে হবে।

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৯ সাল থেকে ২০২৩ পর্যন্ত ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত পরীক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক সম্মান পরীক্ষায় পাস ডিগ্রি প্রাপ্ত কোনো শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৯ সাল থেকে ২০২২ পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ প্রথম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে ১বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স প্রাইভেট/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) কোনো শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ প্রথম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোনো তথ্য/ছবি অসত্য, ভুল ও অসত্য বলে প্রমানিত হলে তার আবেদন ও রেজিস্ট্রেশন বাতিল কলে গণ্য হবে।

সরকারি এডওয়ার্ড কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ২য় পর্যায়ে ভর্তির প্রাথমিক আবেদন ফি এর টাকা জমাদানের পদ্ধতি:

* Visit to <https://edwardcollege.eshiksabd.com>

* Fill Up:

* Username: edwardstudent

* Password: edwardstudent

* Click On: Apply for Application From

* Fill Up:

Student application group	NU adm. Roll/application ID	Student Name	Mobile Number

* Click On: Student

* Go to Bkash/Rocket/Nagad Apps


* Select: Education fee

* Select: Govt Edward College Pabna

* Pay 1000/-

* Save & Print Receipt Copy

প্রতিস্বাক্ষর


(প্রফেসর মো.নূরুফর রহমান)

অধ্যক্ষ

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/

৪৩৭/২৬

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:


১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

৩-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

২০। আহ্বায়ক, ওয়েবসাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)

২১। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।


(প্রফেসর মো: জয়নাল আবেদীন)

বিভাগীয় প্রধান, পদার্থবিজ্ঞান বিভাগ

ও

আহ্বায়ক

মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি (২০২৩-২৪)

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

তারিখ: ১১.০৫.২০২৬ খ্রি.